



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক ও জনপথ অধিদপ্তর
নির্বাহী প্রকৌশলী, সওজ এর কার্যালয়
সড়ক বিভাগ, মৌলভীবাজার
ফোনঃ ০২-৪১১১০০৭৫

E-mail: gemou@rhd.gov.bd/xenmrtd@gmail.com

স্মারক নং-৩৫.০১.৫৮০০.৪৪৬.০৭.০০২.২০-১৪৬০

তারিখ: ২৮/০৭/২০২১খ্রিঃ

“সীমিত দরপত্র পদ্ধতিতে (LTM) ঠিকাদার তালিকাভুক্ত বিজ্ঞপ্তি”

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, সড়ক বিভাগ, মৌলভীবাজার কৃর্তক পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর আলোকে সড়ক ও জনপথ অধিদপ্তরের পরিচালন (রাজস্ব) বাজেটের আওতায় সীমিত দরপত্র পদ্ধতির আওতায় প্রতিক্ষেত্রে ৫০.০০ (পঞ্চাশ) লক্ষ টাকা পর্যন্ত প্রাক্কলিত মূল্যের অভ্যন্তরীণ কার্য (NCT- Works) সম্পাদনের লক্ষ্যে ২০২১-২০২২ অর্থবৎসরের জন্য ঠিকাদার তালিকাভুক্ত করা হবে। সিপিটিইউ কর্তৃক নির্ধারিত আবেদন ফরম অত্র দপ্তর হতে অফিস চলাকালীন সময়ে সরবরাহ করা হবে। ১০০০.০০ (এক হাজার) টাকার অফেরতযোগ্য পে-অর্ডার/ব্যাংক ড্রাফট নির্বাহী প্রকৌশলী, সওজ, সড়ক বিভাগ, মৌলভীবাজার অনুকূলে জমা প্রদান করে অথবা মানি রিসিট এর মাধ্যমে ১০০০.০০ (এক হাজার) টাকা পরিশোধ করে আগ্রহী ব্যক্তি/প্রতিষ্ঠান নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) সংগ্রহ করতে পারবেন। নির্ধারিত আবেদনপত্র (ডকুমেন্ট) সঠিকভাবে পূরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রসহ আগামী ১৯/০৮/২০২১খ্রিঃ বিকাল ৫.০০ ঘটিকার মধ্যে অত্র দপ্তরের জমা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

উল্লেখ্য যে, সীমিত দরপত্র পদ্ধতি প্রয়োগের ক্ষেত্রে পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা-২০০৮ এর বিধি ৬৩ অনুসরণযোগ্য এবং এ তালিকাভুক্তিকরণ দরপত্র আহ্বান/কাজ প্রদানের নিশ্চয়তা বিধান করে না।


(মোঃ জিয়া উদ্দিন)

পরিচিতি নং- ৬০২২২৮
নির্বাহী প্রকৌশলী, সওজ
সড়ক বিভাগ, মৌলভীবাজার।